লম্পেক্টমী অথবা সেগমেন্টল ওক্সিজন করার পর রেডিওথেরপী করাতে স্তনে দৃঢ়তার অনুভুতি করাতে পারে। অত্যল্প রোগীদের ত্বচার উপরে ছোট লাল চিহ্ন ছাডতে পারে যে রক্তনালী ভাঙ্গাজন্য হতে পারে। অনেক মহিলাদের ক্ষেত্রে কিন্তু স্তন দেখতে বেশ ভালই থাকে।

কখন কখন স্তনের রেডিওথেরপীর ফলে দীর্ঘকালিক বিরূপ প্রতিক্রিয়া দেখা দিতে পারে যেমন হাতে বা বাহুতে স্নায়ুব্যথা, তীব্র যন্ত্রনারোধ, দুর্বলতা অথবা অসড়তা (numbness)। অন্য খুদ্র পরিমানে ফুসফুসের ক্ষতিজন্য হওয়া, রুদ্ধশ্বাসের পীড়া তথা চিকিৎসার জায়গাতে পাঁজরার (ribs) দুর্বলতা এ রকম পরিনাম দেখতে পারা যায়। কিন্তু আপনার চিকিৎসা নিয়োজন আর রেডিওথেরপী দ্যাওয়ার পদ্ধতির উন্নতি হওয়ার ফলে এই দীর্ঘকালিক সহপরিনাম হওয়ার সম্ভাবনা অত্যল্প হয়ে গিয়েছে।

যদি আপনার কোনও সহপরিনামের আশংকা থাকে তাহলে রেডিওথেরপিষ্টে সংগে কথা বলুন। রেডিওথেরপীর পর আপনী যদি বাহু বা পাঁজরাতে ব্যথা পান অথবা রুদ্ধশ্বাস অনুভব করেন আপনার ডাক্তারকে সোজা বলবেন।

জ্যাসকাপ রেড়িওথেরপীর সম্ভাব্য দীর্ঘকালিক বিরূপ প্রতিক্রিয়া সম্বন্ধে পরিপত্রক প্রসারিত করেছে।

স্তন ক্যানসারের ঔষধীয় চিকিৎসা

বহু সময় স্তন ক্যানসারের চিকিৎসাতে ঔষধের ব্যবহার করা হয়। মুখ্যতঃ দুই রকম ঔষধ চিকিৎসা করা হয় - কেমোথেরপী অথবা হারমোনথেরপী।

কেমোথেরপীর ঔষধ ক্যানসার প্রতিরোধক (cytotoxin)থাকে আর সে ক্যানসারের পেশীকে নষ্ট করে। হারমোন থেরপীদ্বারা স্ত্রীলোকে স্বাভাবিক ভাবে উৎপাদিত হারমোনের স্তরকে পরিবর্তিত করা হয় অথবা এই হারমোন ক্যানসার পেশীতে গ্রহন করা থেকে বাধা দ্যাওয়া হয়। সাধারনভাবে এই চিকিৎসা ঔষধের বড়ী অথবা ইন্জেক্ষন দিয়ে করা হয়। আর এক পদ্ধতিতে ডিম্বকোষকে (ovary) অকার্যক্ষম করা হয় যে অস্ত্রোপচার করে অথবা কেমোথেরপী দিয়ে করা হয়।

ঔষধীয় চিকিৎসা কখন ব্যবহার হয়

কেমোথেরপী অথবা হারমোনথেরপী কখন অস্ত্রোপচারে আগেই বড় স্তন ক্যানসারকে সংকুচিত করাজন্য ব্যবহার হয় যাতে মাষ্টেক্টমীমত বড় অস্ত্রোপচার করাথেকে বাচিয়ে লম্পেক্টমী আর রেড়িওথেরপী করিয়ে চিকিৎসা করা সম্ভব হতে পারে। যখন এই চিকিৎসা

অস্ত্রোপচারের আগে করা হয় তাকে 'নিওঅ্যডজুভন্ট (neo-adjuvant) থেরপী' বলা হয়। আপনার ক্ষেত্রে এ চিকিৎসার যথোচিততা আপনার ডাক্তার আপনার সংগে আলোচনা করেন আর উচিত পরামর্শ দ্যান।

এই চিকিৎসা প্রারংভিক অস্ত্রোপচারের পরও করা যায় যাতে ক্যানসারের ফেলে যাওয়া অথবা ফিরে আসার সম্ভাবনা কম করা যায়। এই চিকিৎসাকে 'অ্যডজুভন্ট থেরপী' বলা হয় যেহেতূ কখন কখন ক্যানসারের পেশীরা স্তনের আব (ট্যুমর) থেকে ভেঙ্গে গিয়ে রক্তপ্রবাহ অথবা লিম্ফ্যাটিক প্রনালী দ্বারা শরীরের অন্য অংশে বিতরিত হয়। এই পেশীর দল যখন বেশ খুদ্র থাকে তখন স্ক্যানে ধরা পড়ে না এই মাইক্রোস্কোপিক স্প্রেড (microscopic spread) বলে জানা যায়।

ক্যানসারের পেশীরা শরীরের অন্য অংশে কী ভাবে বিস্তারিত হয় এ নিয়ে পুরোপুরী জ্ঞান এখন হয় নেই যাজন্য প্রতিটি মহিলার ক্ষেত্রে ক্যানসার ফিরে আসার সম্ভাবনা সম্বন্ধে নিশ্চিত করে বলা যায় না। কিন্তু ডাক্তাররা নীচে লেখা তথ্যের উপরে ক্যানসার ফিরে আসার সম্ভাবনা কম অথবা বেশী এসম্বন্ধে অনুমান করতে পারেন আর আগের চিকিৎসা নিয়ে সিদ্ধান্ত নিতে পারেন।

- রজোনিবৃত্তি হয়েছে বা নেই
- আবের (ট্যুমর) আকার
- বগলের লিম্ফনোড প্রভাবিত আছে বা নয়
- টূমরের শ্রেনী আর সে ট্যুমর এচইআর2 (HER2) পজিটিভ্ আছে বা নয়।

যা মহিলাদের এখন রজোনিবৃত্তি হয় নেই উনাদের জন্য বহুতাংশ করে কেমোথেরপী অ্যডজুভন্ট থেরপী হিসাবে করা হয়। অবশ্য কখন হারমোনল থেরপী সংগে ও কেমোথেরপী করা হয়। যা মহিলাদের রজোনিবঁত্তি হয়ে গিয়েছে উনাদের জন্য হারমোনাল থেরপী করা হয়। অবশ্য কখন কখন কেমোথেরপী সংগেও হারমেনল থেরপী করা হয়।

সেকেন্ডরী স্তন ক্যানসারেও (যখন ক্যানসার পেশীরা শরীরের অন্য অংশে বিস্তার থাকে) কেমোথেরপী, হারমোনল থেরপী অথবা মোনোক্লোনাল অ্যান্টিবডী থেরপী (monoclonal antibody therapy) করা হয়। এই চিকিৎসার লক্ষ ট্যুমরকে সংকুচিত করা অথবা ক্যানসার পেশীদের বৃদ্ধি বা প্রসারনের গতিবেগ কম করা থাকে।

জাসক্যাপের সেকেন্ডরী স্তন ক্যানসার নিয়ে পুস্তিকাতে চিকিৎসা, ভাবনিক প্রভাব তথা ব্যাবহারিক ব্যাপার নিয়ে আলোচনা করা হয়েছে।

কেমোথেরপী (রসায়নোপচার)

আগে লিখা অনুসারে কেমোথেরপী ক্যানসার পেশী নষ্ট করা উদ্দেশে ক্যানসার বিরোধী ঔষধ ব্যবহার করে করা হয়।

কেমোথেরপী এক চিকিৎসাধারা হয় যে এক দিন থেকেও কম অথবা কয়েক দিন থাকতে পারে। কেমোথেরপীর ঔষধগুলী কখন গুলী হিসাবে দ্যাওয়া হয় কিন্তু বেশী সময় শিরাতে ইন্‌জেক্‌শনহিসাবে দ্যাওয়া হয়। এর পর কিছু সপ্তাহেজন্য বিশ্রাম দ্যাওয়া হয়। এই বিশ্রাম আপনার শরীরকে চিকিৎসার কোনও বিরূপ প্রতিক্রিয়াথেকে সুস্থ হওয়াতে লাভ করে। আপনাকে কত বার এই ধারা পালন করতে হবে এ আপনার ক্যানসার কী ধারনের আছে আর ঔষধের প্রভাব ও প্রতিক্রিয়া কী ভাবে হচ্ছে এর উপরে নির্ভর করে।

'কেমোথেরপীর বুঝ' সম্বন্ধের জাসক্যাপের পুস্তিকাতে তার চিকিৎসা আর বিরূপ প্রতিক্রিয়া সম্বন্ধে পুরো আলোচনা করা হয়েছে।

কেমোথেরপীর বিরূপ প্রতিক্রিয়া (Side effects)

কেমোথেরপীতে কখন অরুচিকর বিরূপ প্রতিক্রিয়া হয় কিন্তু যাদের ক্যানসার ফেলা থাকে এ রকম মহিলারা কেমোথেরপী কবার ফলে রোগের প্রভাব তথা চিহ্ন কম হওয়ার ভাল অনুভুতি করতে আরম্ভ করেন। অনেকজন বিরূপ প্রতিক্রিয়ার বেশ অল্প প্রভাব পান আর যা কিছু অল্প প্রভাব হয় সে ঔষধ নিয়ে নিয়ন্ত্রণ করা যায়। মুখ্য বিরূপ প্রতিক্রিয়া আর তাদের প্রভাব কী ভাবে পরিহার করা যায় অথবা প্রভাব কম করা যায় এই নিয়ে নীচে বর্ননা করা হয়েছে।

সংসর্গের (Infection) প্রতিকারক্ষমতার ক্ষতি

ক্যানসারের ঔষধ যখন ক্যানসারের পেশীদের উপরে প্রভাব করে সেই সময় রোগীর রক্তের শ্বেত পেশীরা অস্থায়ী রূপে কমে যান। যখন শ্বেত পেশীরা কম হন, ওদের রোগের সংক্রমন হওয়ার সম্ভাবনা বেড়ে যায়। এজন্য কেমোথেরপী চলা কালে বারবার আপনার রক্তপরীক্ষা করা হয় আর দরকার হলে আপনাকে অ্যান্টিবায়োটিক ঔষধ দ্যাওয়া হয়।

রক্তাল্পতা (Anaemia)

আপনাদের লাল রক্তপেশীদের (হেমোগ্লোবিন) পরিমান যদি কম হয়ে থাকে, আপনী ক্লান্ত ও জড়িমা অনুভূতি করেন। আপনী রুদ্ধশ্বাসের অনুভবও পেতে পারেন। এই সব অ্যানিমিয়ার লক্ষণ। রক্ত দিয়ে এর চিকিৎসা করা হয়।

অরুচীর অনুভুতি (Sickness feeling)

স্তন ক্যানসার চিকিৎসাতে ব্যবহার করা কিছু ঔষধ অরুচীর ভাব আর বমনেচ্ছা দিতে

পারে। কিন্তু আজকাল অরুচী বিপরিত বেশ কার্যকর ঔষধ পাওয়া যায় যাতে অরুচীর প্রভাবের নিবারন করা যায়। অথবা সে কম করা যায়।

ক্ষত মুখ (Sour Mouth)

কেমোথেরপীর কিছু ঔষধ আপনার মুখগহরে ক্ষতি করে আর ছোট ঘা করে এজন্য নিয়মিত মাউথওয়াশ করা গুরুত্বপূর্ন। মাউথওয়াশের সটীক ব্যবহার আপনার নার্স আপনাকে বুঝিয়ে দিতে পারে। চিকিৎসাসময় যদি আপনার কিছু থাবার ইচ্ছে নাই হয় তাহলে তার বদলে আপনী কিছু পুষ্টিকর পানীয় দ্রব্য খান অথবা মৃদু আহার প্রনালী গ্রহন করুন।

জাসক্যাপের পুস্তিকাতে ঐ বিষয়ে ভাল পরামর্শ করা আছে।

চূল ক্ষতি (Hair Loss)

দুর্ভাগ্যবশ কিছু ঔষধ চূলে পভার করে আর চূলের ক্ষতি হতে থাকে। আপনার চিকিৎসাতে এই ধারনের কোনও ঔষধ আছে অথবা নয় এর সম্বন্ধে আপনার ডাক্তারে সংগে পরামর্শ করে নেবেন। চুল ক্ষতি নিবারন অথবা তাকে কম করাজন্য চিকিৎসাসময় মাথারউপরের ত্বককে ঠাণ্ডা রাখার (Scalp cooling) একটি টেকনিক আছে। স্কাল্প কূলিং নিয়ে ফ্যাক্টশীট আছে যে জাসক্যাপ আপনাকে পাঠাতে পারে আর এই টেক্‌নিক আপনার ক্ষেত্রে কত উপযুক্ত এনিয়েও ডাক্তারে কাছে জিজ্ঞাসা করতে পারেন। অবশ্যই চিকিৎসার পর তীন থেকে ছয় মাসে সাধারনতঃ চূল আবার বৃদ্ধি করেন। অনেক সময় কেমোথেরপীতে চূল ক্ষতি হওয়াতে লোক চূপী অথবা পরচূলার (Wig) ব্যবহার করেন।

চূল ক্ষতির মোকাবিলা করা নিয়েও জানক্যাপে কাছে পুস্তিকা আছে যা আপনার সাহায্য করে। যদিও চিকিৎসাসময় এরকম দুশ্‌প্রভাব সহ্য করা বেশ কঠিন থাকে চিকিৎসা শেষ হওয়ার পর এ প্রভাব অদৃশ্য হয়।

একটি কথা মনে রাখা দরকার যে কেমোথেরপীতে বিভিন্ন রোগী বিভিন্ন ভাবে প্রভাবিত হন। কয়েকটি লোক চিকিৎসাসময় বেশ সাধারণ জীবন অনুভূত করেন কিন্তু অনেক লোক ক্লান্তির অনুভূতি করেন আর উনাকে সব ব্যবহার আস্তে করতে হয়। এ নিয়ে বলা যায় যে আপনার যে রকম ভাল লাগে সে অনূসারে আপনী ব্যবহার করেন। অনাবশ্যক চেষ্টা করার কোনও দরকার নয়। চিকিৎসার পর কিছু সময়পর্যন্ত এই ক্লান্তির অনুভূতি থাকতে পারে।

কেমোথেরপী সম্বন্ধে উপকার তথা ক্ষতির ভাবনা কী আছে ?

বিশেষ করে কেমোথেরপীর সম্ভাব্য বিরূপ প্রতিক্রিয়া নিয়ে যা প্রচার করা হয়েছে সে নিয়ে অনেক লোক আতঙ্কিত হন। কেমোথেরপীর বিরূপ প্রতিক্রিয়া পরিহার করা বা কম করাজন্য যা আধুনিক চিকিৎসা হয় সে আগেচ্চে অনেক সহ্যকর হয়েছে আর এজন্য আজকাল

বেশীভাগ লোক যত ভাবতেন তত খারাপ মনে করেন না। তথাপি কেমোথেরপীর ঔষধগুলী বেশ জোরালো থাকাতে এখনও যত সম্ভব পরিহার করার চেষ্টা করেন।

কেমোথেরপীর চিকিৎসা প্রধানতঃ তীনটি অবস্থাতে করা হয়।

অস্ত্রোপচারের আগের কেমোথেরপী (Neo adjutant chemotherapy)

এই চিকিৎসা বড় স্তন ক্যানসারের অস্ত্রোপচারের আগে ক্যানসারকে সংকুচিত করা হেতু করা হয় যাতে ম্যাষ্টেক্টমীমত বড় অস্ত্রোপচার পরিহার করা যায় আর ছোট অস্ত্রোপচার করাতে কাজ হতে পারে। এই চিকিৎসা আরোগ্য করার ক্ষমতা উন্নত করে।

অস্ত্রেপচারের পরের কোমোথেরপী (Adjustant chemotherapy)

এই চিকিৎসা অস্ত্রোপচারের পর অতিরিক্ত চিকিৎসা হিসাবে করা হয় যাতে ক্যানসার ফিরে আসার সম্ভাবনা কম হয়। অস্ত্রোপচারের পর যদি কিছু ছোট চিহ্ন বেচে থাকে, যা স্ক্যানে হয় তো ধরা না পড়ে, তাকে এই চিকিৎসা নষ্ট করে।

অস্ত্রোপচার মাধ্যমে বাহির করা ক্যানসারের পেশী আর বাহির করা কোনও লসিকা গ্রন্থী (Lymph glands) অনুবীক্ষন যন্ত্রে পরীক্ষা করে ডাক্তাররা ক্যানসার ফিরে আসার সম্ভাবনা সম্বন্ধে ধারনা করতে পারেন যদিও প্রতিটি ব্যক্তিজন্য সম্ভাবনা কম বেশী থাকতে পারে।

যদি আপনার আব (tumour) দেখতে ভাল থাকে তাহল আপনার ক্যানসার ফিরে আসার সম্ভাবনা বেশ কম থাকে এবং অ্যডজুভন্ট থেরপী এই সম্ভাবনা আরও কমিয়ে দ্যায়। অবশ্য পুরোপুরী আরোগ্য করার ভরসা দ্যাওয়া যায় না। যদি পেশীদের পরীক্ষাতে দেখা যায় যে ক্যানসার ফিরে আসার সম্ভাবনা অধিক আছে তাহলে এই চিকিৎসাতে এর সম্ভাবনা কমানো যায় আর সুস্থ হওয়ার সম্ভাবনা উন্নত হতে পারে।

যে হেতু ডাক্তার ক্যানসার ফিরে আসার সম্ভাবনা নিয়ে একইবারে নিশ্চিত ভাবে বলতে পারেন না উনী সম্ভাব্য উপকার আর বিরূপ প্রতিক্রিয়া মনে রেখে অতিরিক্ত চিকিৎসা সম্বন্ধে সিদ্ধান্ত ন্যান।

বিকসিত পীড়া

অন্য অংশে বিস্তারিত ক্যানসারে কেমোথেরপী চিকিৎসা ক্যানসারকে সংকুচিত করার উদ্দেশে করা হয়। অবশ্য এই অবস্থাতে পুরোপুরী আরোগ্য পাওয়ার সুযোগ অল্প লোকদের ক্ষেত্রেই সম্ভবপর থাকাতে এই চিকিৎসা নিয়ে সিদ্ধান্ত ন্যাওয়া বেশ কঠিন থাকে।

এই রকম বিস্তারিত আর বিকসিত অবস্থার ক্যানসারে ক্ষেত্রে কেমোথেরপীর একটি সীমা থাকে। কতক লোকেরজন্য এ চিকিৎসা লাভদায়ক থাকে তথাপি আপনাকে আপনার ডাক্তারে সংগে আলোচনা করা উচিত যাতে ক্যানসার যত সম্ভব নিয়ন্ত্রণে রাখা যায়।

হার্মোন থেরপী

মহিলাদের শরীরে প্রাকৃতিক ভাবে কিছু বিশিষ্ট হার্মোন তৈরী হয়। হার্মোন থেরপীর এই হার্মোনের স্তরে পরিবর্তন করিয়ে অথবা ক্যানসার পেশীগুলীকে সেই বিশিষ্ট হার্মোনে সংক্রমন করাথেকে নিবারন করে স্তন ক্যানসার পেশীদের বৃদ্ধির গতি মন্দ করতে পারে অথবা বৃদ্ধি বন্দ করতে পারে।

হার্মোন থেরপী বিভিন্ন ধারনের আছে আর সেগুলো বিভিন্ন ভাবে কাজ করে। এজন্য কখন কখন দুই ভিন্ন ধারনের হার্মোন থেরপী একসংগে ব্যবহার করা হয়। কখন এই থেরপী কেমোথেরপীর সংগে ও দ্যাওয়া হয়।

জাসক্যাপে সাধারণতঃ ব্যবহার করা সব থেরপীর ফ্যাক্টশীটস্ আছে।

অ্যান্টীওএস্ট্রোজেন ঔষধ

অ্যান্টীওএস্ট্রোজেন ঔষধ শরীরের ভীতরের ওএস্ট্রোজেনকে স্তন ক্যানসার পেশীসংগে জুড়িয়ে গিয়ে পেশীকে বাড়তে উৎসাহিত করাতে বাধা দ্যায়।

'ট্যামোক্সিফেন' স্তন ক্যানসারে সর্বাধিক ব্যবহার করা হার্মোন থেরপী থাকে আর ঔষধ অন্য রকম হার্মোন থেরপীসংগে - যাকে অ্যারোমাটেজ ইনহিবিটর্স বলে - ব্যবহার করা হয়।

ট্যামোক্সিফেন

ট্যামোক্সিফেন (বিশিষ্ট নাম - নোলভাডেক্স অথবা ট্যামোফেন) ঔষধের বড়ী আছে যে প্রতিদিন নীতে হয়। এই ঔষধের পায় কিছু বিরূপ প্রতিক্রিয়া থাকে। তপ্ত হেঁচকা টান, ঘামানো যাওয়া, ওজন বাড়ার ঝাঁক, য়োনীর শুষ্কতা আর য়োনিথেকে বর্ধিত দ্রাব প্রবাহ ইত্যাদি ধারনের প্রতিক্রিয়া অনুভুতী হতে পারে। সাধারণভাবে এই বিরূপ প্রতিক্রিয়া সৌম্য ধারনের থাকে। কতক মহিলাদেরজন্য ট্যামোক্সিফেনের কিছু বিরূপ প্রতিক্রিয়া কষ্টদায়ক থাকতে পারে এজন্য আপনাকে ডাক্তারেসংগে পরামর্শ করা উচিত যাতে প্রতিক্রিয়া কমানোজন্য রাস্তা খুঁজা যায়।

জাসক্যাপে স্তনের ক্যানসার আর রজোনিবৃত্তির লক্ষন নিয়ে ফ্যাক্টশীটস আছে যে ইচ্ছানুসার আপনাকে পাঠানো যেতে পারে।

অত্যন্ত অল্প ক্ষেত্রে ট্যামোক্সিফেন চিকিৎসার কিছু বৎসর পর গর্ভাশয়ের (uterus) ক্যানসার হওয়ার সম্ভাবনা থাকতে পারে। ট্যামোক্সিফেন চিকিৎসার ফলে পায়ে রক্ত ডেলা (Clot) হওয়ার সম্ভাবনা একটূ বাড়তে পারে। যদিও এই বিরূপ প্রতিক্রিয়া সুনতে অত্যন্ত ভয়ঙ্কর লাগে, এর হওয়ার সম্ভাবনা খুবই অল্প থাকে তথা এদের সফল চিকিৎসাও রয়েছে। বহুতাংশ মহিলাদের ক্ষেত্রে ট্যামোক্সিফেন চিকিৎসাথেকে বিরূপ প্রতিক্রিয়ার

সম্ভাবনার তুলনায় এর লাভ অনেক বেশী। সাধারণতঃ ট্যামোক্সিফেন বিস্তারিত ক্যানসারের অস্ত্রোপচারের পর দ্যাওয়া হয়। দুর্ভাগ্যবশ যদি এই চিকিৎসা ক্যানসারকে নিযন্ত্রিত করতে অক্ষম হয় তাহলে অন্য রকম হার্মোন থেরপীর ব্যবহার করা যায়।

টোরেমিফিন

টোরেমিফিন (ফেয়রস্টন) নামে একটি ঔষধ ট্যামোক্সিফেনের ভাবেই কাজ করে আর কখন কখন ব্যবহার করা হয়। এই ঔষধের গবেষনা আর প্রথমদিকের পরীক্ষাথেকে সংকেত পাওয়া যাচ্ছে যে টোরেমিফিনের ব্যবহারে গর্ভাশয়ের ক্যানসার তথা তপ্ত হেঁচকা টান আর ঘামানোর সম্ভাবনা কমে যায়। তথাপি ঔষধের দীর্ঘকালীন ফলাফল নিয়ে এখন ভাল জ্ঞান হয় নেই। আপাতত এই ঔষধ রজোনিবৃত্তি হওয়ার মহিলাজন্যই করা হচ্ছে।

ওএস্ট্রোজেন উৎপাদন কম করার ঔষধগুলী

অ্যারোম্যাটেজ ইন্হিবিটর্স নামে জানা যাওয়ার ঔষধের একটি সমুহ আছে যে রজোনিবৃত্তি হওয়া মহিলাদের মেদবহুল দেহকোষে (fatty tissues) তৈরী ওএস্ট্রোজনের উৎপাদনেবাধা দ্যায়। অ্যারোম্যাঢেজ ইন্হিবিটর্স ট্যামোক্সিফেন আর প্রোজেস্টোজেনের বৈকল্পিক ঔষধ বলে দ্যাওয়া হয়।

সাধারণভাবে ব্যবহারে এর আগে দেখানো অ্যারোম্যাটেজ ইন্হিবিটর্স হিসাবে দ্যাওয়া হয় অ্যানাস্ট্রোঝোল (অ্যারিমিডেক্স), লেট্রোঝোল (ফেমারা), এক্সেমেস্টেন (অ্যারোম্যাসিন) আর ফারমেস্টেন (লেন্ট্যরাঁন)। সাধারণতঃ এই ঔষধগুলী বেশী বিরূপ প্রতিক্রিয়া করেন না তবূ তপ্ত হেঁচকা টান (hot flushes), বমেনেচ্ছা (nausea) আর জয়ন্ট ব্যথা (joints pain) ইত্যাদি অসুস্থি করতে পারে। এই ঔষধগুলী কখন কখন ট্যামোক্সিফেনের জায়গাতে প্রথম হার্মোন থেরপী হিসাবে ব্যবহার করা হয়। যা মহিলাদের রজোনিবৃত্তি হয়ে গিয়েছে আর যারা সেকেন্ডরী স্তন ক্যানসারে পীড়িত থাকেন তাদের ক্ষেত্রেই করা হয়।

প্রোজেস্টোজেন্স (Progestogens)

প্রোজেস্টোজেন্ মহিলাদের শরীরে প্রাকৃতিক ভাবে তৈরী হওয়া হার্মোন। প্রোজেস্টোজেন্ের কৃত্রিম ব্যুৎপত্তি স্বাভাবিক প্রোজেস্টাজেনথেকে শক্তিশালী থাকেন। সাধারনভাবে এই ঔষধ বড়ি মাধ্যমে অথবা ইন্জেক্শন মাধ্যমে দ্যাওয়া হয়। ট্যামোক্সিফেন মত হার্মোন থেরপী যদি অকার্যক্ষম হয়ে থাকে সে ক্ষেত্রে মেজেস্ট্রোল অ্যাসিটেট (মেজেস) আর মেড্র্যাক্সিপ্রোজেস্টেরন অ্যাসিটেট (ফার্লুটাল, প্রোভেরা) এই রকমের প্রোগেস্টোজেন্স ব্যবহার করা যায়।

সাধারণতঃ প্রোজেস্টোজেন্স অল্প বিরূপ প্রতিক্রিয়া করে। কিছু মহিলাদের সৌম্য বমনেচ্ছাতে কষ্ট হতে পারে আর কিছু মহিলাদের ক্ষুধা বেড়ে যায় যাতে ওদের ওজন

বাড়ে, বিশেষ করে তলপেট হলাকাতে। এ ছাড়া দ্রাব ধরিয়া রাখার ফলে পা আর পদতল ফুলে যাওয়া, য়োনীথেকে রক্তচিহ্ন পাওয়া ইত্যাদি সম্ভাব্য বিরূপ প্রতিক্রিয়া দেখা য়েতে পারে।

পিটূ্ইটরী ডাউন-রেগিউলেটর্স

'পিটূ্ইটরী ডাউন রেগিউলেটর্স' অথবা এল্এচ্আরএচ্ অ্যানালোগ্স (LHRH analogues) বলে জানা ঔষধসমূহ মস্তিষ্ক দ্বারা ওএস্ট্রোজেন উত্তেজক হার্মোনের উৎপাদন কমিয়ে দ্যায় যাতে শরীরে ওএস্ট্রোজেনের স্তর কমিয়ে দ্যায়। ডিম্বকোষ সরানো অথবা ডিম্বকোষকে রেডিওথেরপী করে ওর কার্যক্ষমতা বন্দ করার যা ফল পাওয়া যায় সেই ফল রেগিউলেটরে মাধ্যমে পাওয়া যায় আর এই চিকিৎসাতে ডিম্বকোষের কার্যক্ষমতা ফিরে আনার সুযোগ থাকতে পারে। এজন্য এখন অনেকই ডাক্তাররা ডিম্বকোষ সরানো অথবা রেডিওথেরপী করা থেকে গোসেরিলীন (zoladex) নামে পিটূ্ইটরী ডাউন রেগিউলেটর দিয়ে চিকিৎসার সুপারিশ করেন।

যে হেতু গোসেরিলিন রক্তে প্রসারিত ওএস্ট্রোজেনের মাত্রা কমিয়ে দ্যায়, এই চিকিৎসা সেকেন্ডরী স্তন ক্যানসার পীড়িত আর যাদের রজোনিবৃত্তি এখন হয় নেই এরকম মহিলাদেরজন্য প্রভাবিত হতে পারে।

যা মহিলাদের স্তন ক্যানসার পেশীগুলীর উপরিভাগে (surface) ওএস্ট্রোজেন গ্রহন করার ক্ষমতা থাকে উনাদের ক্ষেত্রেই কিন্তু গোসেরিলিন (zoladex) কার্যক্ষমতা রাখে। যে হেতু গোসেরিলিন ক্ষনস্থায়ী রজোনিবৃত্তি আনে ওর অনেক বিরূপ প্রতিক্রিয়া রজোনিবৃত্তির প্রতিক্রিয়ামতই থাকে।

গোসেরিলীন মাসে একবার তলপেট ইলাকাতে ইন্জেক্শন মাধ্যমে দ্যাওয়া হয়।

যা মহিলাদের রজোনিবৃত্তি হয় নেই ওদের ডিম্বকোষকে সরিয়ে বাহির করলে (যাতে শরীরের ওএস্ট্রোজেনের স্তর কমিয়ে যায়) স্তন ক্যানসারের অস্ত্রোপচারের পর ক্যানসার ফিরে আসার সম্ভাবনা কমিয়ে দ্যায় অথবা ক্যানসার পেশীরা যদি স্তনের বাহিরে বিস্তারিত হয়ে থাকে তাহলে ক্যানসার পেশীদের বৃদ্ধি কমাতে পারে। ডিম্বকোষ ছোট অস্ত্রোপচার করে বাহির করা যায় অথবা নিম্ন মাত্রায় রেডিওথেরপী করে কোষকে অকার্যক্ষম করা যায়।

দুর্ভাগ্যবশ ডিম্বকোষ সরানোর ফলে অসময় আগেই রজোনিবৃত্তি হয়ে যায় যা এক মহিলা - যে সন্তান প্রাপ্তীর ইচ্ছে রাখে তারজন্য বেশ দুঃখমর। আরও রজোনিবৃত্তিজন্য হওয়ার বিরূদ্ধ প্রতিক্রিয়াতে তাকে সহ্য করতে হয় যদিও এই লক্ষনের চিকিৎসা হতে পারে।

জাসক্যাপে স্তন ক্যানসার আর রজোনিবৃত্তির লক্ষন সম্বন্ধে ফ্যাক্টশীট (factsheet) আছে যাতে সাহায্যকর সংকেত দ্যাওয়া আছে।

নুতনতর চিকিৎসা

স্তন ক্যানসারের চিকিৎসা নিয়ে ডাক্তাররা ভাল চিকিৎসার নুতন অনুসন্ধানে ব্যস্ত আছেন।

ট্র্যাস্টুঝুম্যাব (হর্সেপ্টিন) বলে নূতন ধারনের চিকিৎসা কতটি মহিলাদের ক্ষেত্রে ব্যবহার করা হচ্ছে। এই ঔষদ মোনোক্লোনাল অ্যান্টিবড়ী হিসাবে জানা যায়। স্বাভাবিক ভাবে তৈরী হওয়া বিশিষ্ট প্রসার তত্ব (HER2) যা ক্যানসার পেশীদের বিঘটন করতে উত্তেজিত করে সে তত্বকে ধারনক্ষম (প্রোটীন্স্) তত্বের সংগে সংযুক্ত করাতে এই নূতন ধারনের ঔষধ নিবারন করে। হর্সেপ্টিন অস্ত্রোপচারের পর অথবা ক্যানসার যদি আগেই বিস্তারিত হওয়া থাকে এ ক্ষেত্রে ব্যবহার করা হয়। এই চিকিৎসা স্তন ক্যানসার পেশীর উপরিভাগে যদি ধারনক্ষম বিশিষ্ট প্রোটীন্স (HER2) পচূর পরিমানে থাকে সে ক্ষেত্রেই করা হয়। সামান্য ভাবে পাঁচ মহিলামধ্য এক মহিলাতে এই (HER2)র মাত্রা বেশী থাকে - একে HER2 পজিটিভ বলা হয়।

জাসক্যাপে ট্র্যাস্টুঝুম্যাবের বিশয়ে ফ্যাক্টশীট আছে।

ফুলভেস্ট্রন্ট (ফ্যাস্লোডেক্স্) একটি সুনির্দিষ্ট ওএস্ট্রোজেন বিপরীত (অ্যান্টী-ওএস্ট্রোজেন) হার্মোনাল চিকিৎসা আছে যাতে জরাষূর ক্যানসার হওয়ার বিপদ বাড়ে না আর হেঈচকা টান কম পরিমানে আসে বলে দেখা পিয়েছে। এই ঊরের অথবা পাছার মাংসপেশীতে মাসিক ইন্জেক্শন হিসাবে দ্যাওয়া হয়। অবশ্য এই গবেষনা প্রারংভিক অবস্থায় আছে।

এই ভিত্তিতে স্তন ক্যানসার রোগী মহিলাকে কেমোথেরপীর উচ্চস্তরের মাত্রা দিয়ে তারপর অস্থিমজ্জা (Bone Marrow) অথবা স্তম্ভ পেশীদের (Stem cells) প্রত্যারোপন করার চিকিৎসার অনুসন্ধান চলছে। অবশ্য এই চিকিৎসা এমনী সুস্থ থাকা তরুন মহিলাদেরই গবেষনা হিসাবে করা হচ্ছে। আরও নুতন ঔষধ নিশ্চিত লক্ষসামনে রেখে বিশিষ্ট মহিলাদের ক্ষেত্রে দিয়ে চেষ্টা করা হচ্ছে।

জাসক্যাপে এই চিকিৎসা সম্বন্ধে পুস্তিকা আছে।

কী চিকিৎসার পর সন্তান হতে পারে ?

স্তন ক্যানসারের চিকিৎসার পর গর্ভবতী হলে পুনরায় ক্যানসার হওয়ার সম্ভাবনা বাড়ে না এরকম সংকত অনুসন্ধান থেকে পাওয়া গিয়েছে।

আপনী যদি ক্যানসারের চিকিৎসার পর সন্তানের ইচ্ছে করে থাকেন তাহলে কিন্তু সহচরেসহিত আপনার ডাক্তারে সংগে আলোচনা করা আপনার বিশেষ দরকার আছে। আপনার ডাক্তার আপনার রোগ ও তার চিকিৎসা সম্বদ্ধের ইতিহাস জানেন আর এজন্য উনী আপনাকে সম্ভাব্য বিপদ আর এর পরিনতি নিয়ে সটীক পরামর্শ দিতে পারেন।

সাধারণতঃ প্রাথমিক চিকিৎসা শেষ হওয়ার পর আপনার কিছু কাল প্রতীক্ষা করা উচিত। যত বেশীখূন আপনী ক্যানসারমুক্ত থাকবেন, রোগ ফিরে আসার সম্ভাবনা কমে যায়। দুর্ভাগ্যবশ যদি সন্তানপ্রাপ্তীর পর আপনার ক্যানসার ফিরে আসে তাহলে কী বিপজ্জনক অবস্থা হতে পারে আর এই বাড়তী দায়িত্ব নিতে আপনী তৈরী আছেন বা নেই এনিয়ে আপনাকে সতর্কভাবে চিন্তা করা উচিত।

যা মহিলাদের ডিম্বকোষে রেডিওথেরপী হয়ে থাকে অথবা কোষ সরানোজন্য অস্ত্রোপচার করা হয়ে থাকে, দুর্ভাগ্যবশ সে মহিলার সন্তান হতে পারে না। কেমোথেরপী হয়ে থাকলেও কখন মহিলাদের উর্বরতা নষ্ট হতে পারে। সাধারনতঃ বযস্ক মহিলারা কেমোথেরপী পর উর্বরতা হারাতে পারেন।

আগে থেকে সন্তান থাকলেও উর্বরতা নষ্ট হওয়ার ধাক্কা অনেক মহিলাজন্য বেশ শক্ত। অনেক লোকদের জন্য উর্বরতা গুরুত্বপূর্ণ থাকে।

উর্বরতা হারানো অল্প সময়ে গ্রহন করা সাধারন মহিলাদের জন্য সহজ নয়। আপনার দুঃখ, কার্যক্ষমতাতে হওয়া ক্ষতি ইত্যাদি অবস্থাকে গ্রহন করাজন্য আপনাকে কিছু সময় দিতে হবে। আপনী তৈরী হলে আপনার সহচর, নিকট আত্তীয় অথবা বন্ধুসংগে কথাবার্তা করলে আপনাকে অবস্থা গ্রহন করতে সুবিধা হতে পারে। আপনী আপনার ডাক্তারথেকে পেশাদারী সাহায্য চাওয়াতে কিছু ভয় করবেন না। আপনার এই অবস্থা আপনার ব্যর্থতা নয় আর আপনার মানসিক অবস্থা লোক ঠীক ভাবে বুঝে যান।

গর্ভ নিরোধ

গর্ভনিরোধক বড়িতে যা হার্মোন থাকে (ওএস্ট্রোজেন আর প্রোজেস্টেরোন) সে স্তন ক্যানসার পেশীর প্রভাব করতে পারে এজন্য যা মহিলাদের স্তন ক্যানসার হয়ে ছিল উনাকে গর্ভনিরোধক বড়ী (Pill) খেতে বার্ন করা হয়।

গর্ভনিরোধে জন্য নিরোধ অথবা টুপী (cap) মত প্রতিবন্ধক পদ্ধতি ব্যবহার করা শ্রেয়স্কর থাকে।

আপনার হাসপাতালের ডাক্তার গর্ভ নিরোধেজন্য আপনার ক্ষেত্রে উপর্যুক্ত প্রনালী নিয়ে পরামর্শ দিতে পারেন।

হার্মোন রিপ্লেসমেন্ট থেরপী (HRT)

গর্ভ নিরোধক গুলিতে ওএস্ট্রোজেন থাকাতে যা মহিলাদের স্তন ক্যানসার হয়ে ছিল তাদের ক্ষেত্রে এই ওএস্ট্রোজেন ক্যানসার ফিরে আসার উত্তেজনা দ্যাওয়ার সম্ভাবনা থাকে এজন্য সাধারনতঃ হার্মোন রিপ্লেসমেন্ট থেরপীর পরামর্শ দ্যাওয়া হল না।

মহিলাদের রজোনিবৃত্তির ক্লেশজনক লক্ষনেজন্য ওঠধ পাওয়া যায়। এই ঔষধ ন্যাওয়া হলেও যদি সে লক্ষনলাগিয়ে থাকে তাহলে আপনার ডাক্তার আপনার জন্য সৌম্য মাত্রার এচ্.আর.টীর (HRT) সংক্ষিপ্ত চিকিৎসার পরামর্শ দ্যাওয়া ভাল মনে করতে পারেন।

যে হেতূ এই ধারনের চিকিৎসার লাভ তথা ক্রটি নিয়ে গবেষনা চলছে, আপনী যদি এচ্.আর.টী চিকিৎসা নিতে থাকেন তখুন চিকিৎসার পরিণাম নিয়ে বেশ সতর্কভাবে লক্ষ রাখা দরকার হয়।

অনুসরণ (Follow-up)

আপনার চিকিৎসা সম্পূর্ণ হওয়ার পর আপনার ডাক্তার চাইবেন যে আপনি নিয়মিত ভাবে 'চেক-অপ' করাবেন যাতে শারীরিক পরীক্ষা আর ম্যামোগ্রাফী ও থাকবে। প্রথম দূএক বৎসর চেক-আপ বারংবার করতে হবে। পরে পুনঃপুনঃ করার দরকার হয়না। এ রকম 'চেক-অপ' সম্ভবতঃ পাঁচ বৎসর চলতে পারে।

চেক-আপ সময়ে আপনী কোনও চিন্তা, অসুবিধা, অসুস্থি ইত্যাদি নিয়ে আপনার ডাক্তারে সংগে আলোচনা করেন। ইতিমধ্যে যদি কোনও নুতন লক্ষন অনুভব করেন তাহলে আপনার ডাক্তার অথবা নার্সের কাছথেকে পরামর্শ নেবেন।

জাসক্যাপের পুস্তিকা 'এ বার কী' আপনাকে চিকিৎসা শেষ হওয়ার পর সুস্থ থাকা নিয়ে ভাল উপদেশ দেবে।

গবেষনা (Research) - চিকিৎসাজনক পরীক্ষা (Clinical Trials)

ক্যানসারের বর্তমান কালীন চিকিৎসাতে সবাই রোগীরা পুরো স্বাস্থ্য পান না। স্তন ক্যানসারের চিকিৎসা নিয়ে সব সময় গবেষনা চলছে। এই খোজ ডাক্তাররা চিকিৎসাজনক পরীক্ষা মাধ্যমে করেন। অনেক হাসপাতাল এই পরীক্ষাতে অংশ ন্যান।

যদি নুতন চিকিৎসার প্রথমদিকে সংকেত পাওয়া যায় যে নুতন চিকিৎসা বর্তমানের নির্ধারিত চিকিৎসাথেকে অধিক লাভদায়ক হতে পারে তাহলে ক্যানসারের ডাক্তাররা আপাতত প্রাপ্ত সর্বোত্তম চিকিৎসাসংগে তুলনা করা উদ্দেশে নুতন চিকিৎসার ট্রায়ল নেবেন। একে নিয়ন্ত্রিত 'ক্লিনিকল ট্রায়ল' বলা হয় যে একমাত্র বিশ্বাসযোগ্য পরীক্ষা আছে। প্রায়ঃ দেশের অনেকই হাসপাতাল এতে অংশগ্রহন করেন।

দুটি চিকিৎসার তুলনা সটীক ভাবে হওয়া উদ্দেশে ট্রায়লেজন্য রোগীরা কী রকম চিকিৎসা পাবেন এই কম্পিউটর দ্বারা নির্ধারিত করা হয়। এই পথ এজন্য ন্যাওয়া হয় যাতে যে ডাক্তার আপনার চিকিৎসা করতে থাকেন উনার ইচ্ছে না থাকাসত্ত্ব ট্রায়লের ফলাফল নিয়ে উনার অপেক্ষার প্রভাব উনার সিদ্ধান্তের উপরে আসতে পারে।

এই পরীক্ষাতে কতক রোগীরা সর্বোত্তম মানক চিকিৎসা পাবেন আর অন্য রোগীরা নুতন চিকিৎসা পান। এই নুতন চিকিৎসা মানক চিকিৎসার তুলনায় ভাল হতে পারে অথবা নাও হতে পারে। কোনও একটী চিকিৎসা অন্য চিকিৎসার তুলনায় ভাল আছে বলে বলা যায় যখন সে চিকিৎসা ক্যানসারের ট্যুমরেজন্য বেশী ফলদায়ক থাকে অথবা ফলেদিকে সে চিকিৎসা অন্য চিকিৎসা সাদৃশ্যই থাকে কিন্তু চিকিৎসার বিরূপ প্রতিক্রিয়া অন্য চিকিৎসার তুলনায় কম থাকে।

যে হেতু এরকম ট্রায়লথেকেই নুতন ভাল চিকিৎসার বৈজ্ঞানিক পদ্ধতিতে পরীক্ষা করা যেতে পারে আপনার ডাক্তার এরকম ট্রায়লে আপনার অংশগ্রহনের প্রয়োজন মনে করেন।

উপর লিখামত কোনও ট্রায়ল ন্যাওয়ার আগে 'এথিক্স্ কমিটীর' অনুমোদন নিতে হয়। সংগে সংগে ট্রায়ল ন্যাওয়ার আগে আপনার ডাক্তারকে আপনার থেকে সটীক ভাবে সম্মতি নিতে হবে। তার আগে আপনাকে ট্রায়লসম্বন্ধে পূরো জ্ঞাত করা হবে যেমন ট্রায়ল করার কারন, আপনাকে কী কারনে নিমন্ত্রিত করা হচ্ছে, আপনী কী ভাবে ট্রায়লেসংগে জুড়িত থাকবেন ইত্যাদি।

আপনী ট্রায়লে সম্মীলিত হওয়ারজন্য স্বীকৃতি দ্যাওয়ার পরও যদি আপনী আপনার চিন্তাধারা বদলান, তাহলে যা কোনও স্তরে আপনী এ থেকে নিজেকে মূক্ত করেনিতে পারেন। আপনী যদি প্রথমেই ট্রায়লে আসা অস্বীকার করেন অথবা স্বীকৃতি দ্যাওয়ার পর মুক্ত হন, আপনার ডাক্তারেয় আপনার ক্ষেত্রে মানসিক ভাব পালটাবে না আর আপনী শ্রেষ্ঠতম মানক চিকিৎসা পাবেন। একটি কথা মনে রাখবেন যে ট্রায়লের ভিত্তিতে যা কোনও চিকিৎসা আপনী পাবেন সে প্রাথমিক পরীক্ষাতে বেশ সতর্কভাবে অনুসন্ধানের পরই আপনাকে দ্যাওয়া হয়। আগামী কালে অন্যান্য রোগীদের চিকিৎসাতে উন্নতি হওয়াদিকে আপনার ট্রায়লে সম্মীলিত হওয়া সাহায্য করে।

জাসক্যাপে 'ক্লিনিকল ট্রায়ল' সম্বন্ধে বিবেচন করা নিয়ে পুস্তিকা আছে।

আপনার মনোভাব (Your feelings)

যখন কোনও লোককে ক্যানসার হয়েছে বলে বলা হয়, অধিকাংশ লোকেতে উদ্বেগের ভাবনা অভিভূত হয়। বিভিন্ন রকম আবেগ উঠে যা চিত্ত অস্থির করে। আপনী হয় তো নীচে বিবেচন করা সবাই ভাবনা অনুভব করবেন না। আর এর মানে এও নয় যে আপনী রোগেরসংগে ঠীক ভাবে পতিযোগিতা করছেন না।

বিভিন্ন লোকের প্রতিক্রিয়া বিভিন্ন ধারনের হতে পারে-এতে উচিত-অনুচিত বলে কিছু নয়। আপনার সহচর, আত্মীয়স্বজন, বন্ধু এরাও আপনার সমান ভাবনা অনুভূত করেন আর উনারও আপনার মতই সাহায্য আর পরামর্শের দরকার হয়।

জাসক্যাপে কাছে ''কোন করবন বুঝতে পারবে''

নামে এক পুস্তিকা আছে যা আপনি চাইলে আপনাকে পাঠাতে আমরা আনন্দিত হব।

সংঘাত ও অবিশ্বাস (Shock and disbelief)

'আমী বিশ্বাস করী না'; 'এই সত্য হতে পারে না।'

ক্যানসারের নিদান হলে বহুতাংশ লোকের তৎকালীন প্রতিক্রিয়া পায় উপর লিখা অনুসারে হয়। এই অবস্থাতে আপনী অবশ হতে পারেন, যা কিছু ঘটনা হচ্ছে তার উপরে বিশ্বাস করতে পারছেন না অথবা আপনার আবেগ ব্যক্ত করতে আপনী নিজেকে অসমর্থ মনে করেন। আপনী ভাবতে পারেন যে আপনী অল্প পরিমানেই তথ্য জানতে পারছেন যাজন্য আপনাকে এক প্রশ্নই বারবার জিগিষা করতে হয় অথবা আপনাকে একই তথ্য বারবার জানাতে হয়। এ রকম পুনরুক্তির দরকার এক স্বাভাবিক প্রতিক্রিয়া থাকে।

কিছু লোকের জন্য অবিশ্বাসের ভাবনা আপনাকে আত্মীয় স্বজন বা বন্ধুদের সংগে আপনার পীড়াসম্বন্ধে বলা কংিন হতে পারে। কিছু অন্য লোক আশেপাশের ব্যক্তিসংগে বিবেচনা করা অত্যন্ত দরকার মনে করেন। হয় তো তথ্য গ্রহন করার এই একটি রাস্তা।

ভয় আর সন্দেহ (Fear and Uncertainty)

'আমী কি মরে যাব'; 'আমায় কী যন্ত্রনাতে থাকতে হবে ?'

ক্যানসার একটি ভয় আর কল্পনাবিলাসে বেষ্টিত ভয়ঙ্কর শব্দ। ক্যানসারের নিদান হওয়া নূতন রোগীর মহৎ ভয় থাকে - 'আমী কী মরে যা। ?'

ক্যানসার যদি শীঘ্র সময়ে ধরা পড়ে যায় তাহলে অনেক ক্যানসার সটীক চিকিৎসাতে ছেড়ে যায় এই বর্তমান কালের তথ্য। কোনও ক্যানসার পুরোপূরী সুস্থ হওয়ার না থাকলেও আধুনিক চিকিৎসা পদ্ধতীতে ক্যানসার অনেক বৎসর পর্যন্ত নিয়ন্ত্রনে রাখা যেতে পারে আর রোগী সামান্য ভাবে জীবন ব্যতীত করতে পারে।

সাধারন ভাবে অন্য একটি ভয় থাকে - 'আমার যন্ত্রনা কী অসহ্য থাকবে ?' বাস্তবে অনেক ক্যানসারের রোগীদের ব্যথা থাকে না। যাদের ব্যথা হয় তারজন্য অনেক ঔষধগুলী আর চিকিৎসা প্রনালী আছে যা ব্যথাটি বেশ হলকা করে আর তাকে নিয়ন্ত্রনে রাখতে পারে। রেডিওথেরপী, স্নায়ু আটক করা (nerve block) এরকম আরও চিকিৎসা আছে যাতে যন্ত্রনাকে হলকা করা যায়।

জাসক্যাপে 'Feeling Better' করে 'যন্ত্রনা হলকা করে তথা অন্য লক্ষনের নিয়ন্ত্রন করে ভাল অনুভূতি করা' এই বিষয়ে পুস্তিকা আছে যাতে এই উপায়েসম্বন্ধে বেশী অভিজ্ঞতা পাওয়া যায় আর সে আপনারজন্য সাহায্যকর হবে।

অনেকই চিকিৎসা সফল হওয়া আর চিকিৎসার কোনও বিরূপ প্রতিক্রিয়া থাকলে সে সহ্য করা নিয়ে উৎকন্ঠিত থাকেন। এনিয়ে সচলে ভাল পরামর্শ হয় যে আপনার ডাক্তারে সংগে গভীর বিবেচনা করা। এ সময় আপনী আপনার প্রশ্নের সুচি করিয়ে নেবেন।

ডাক্তারে কাছে সাক্ষাত করা সময় আপনী আপনার কোনও নিকট বন্ধু অথবা আত্মীয় স্বজনকে সংগে নিয়ে যেতে পারেন। আপনার যদি কোন কারনে বিপর্যস্ত অবস্থা হওয়াতে কিছু ভূলে যান তবে আপনার বন্ধূ অথবা আত্মীয় স্বজন আপনাকে মনে করিয়ে দিতে পারেন। তারপর আপনী যদি কিছু জিজ্ঞাসা করা নিয়ে দ্বিধা মনে করেন তাহলে উনারা সে প্রশ্ন ডাক্তারকে জিজ্ঞাসা করতে পারেন।

কিছু লোক হাসপাতালের নামেই ভয় করেন। যদি আপনী আগেরকালে হাসপাতালে না গিয়ে থাকেন তাহলে সে আপনারজন্য ভয়কারক থাকতে পারে। আপনার ভয় নিয়ে ডাক্তারে সংগে আপনী কথা করলে উনী আপনার সন্দেহ সরাতে পারবেন। আপনী অনুভব করতে পারেন যে ডাক্তার আপনার প্রশ্নের পুরো উত্তর দিতে পারছেন না অথবা উনার উত্তর অস্পষ্ট আছে। বহুবার ডাক্তারেজন্য ক্যানসারের ট্যুমর পুরোপূরী বাহির করা হয়েছে অথবা নয় এই বলা অসম্ভব থাকে। উনী বিগত অভিজ্ঞতা থেকে বিশিষ্ট চিকিৎসা মোটামৌটী কত রোগীদের ক্ষেত্রে লাভকারক হবে এর আন্দাজ করতে পারেন কিন্তু কোনও বিশিষ্ট রোগীর ভবিষ্যত করা সম্ভব হয় না। আপনী সটীক ভাবে আরোগ্য পেয়েছেন অথবা নয় এ নিয়ে অনিশ্চিত ভাব অনেকেরজন্য বেশ কষ্টকারক।

ভবিষ্যত নিয়ে অনিশ্চিত অবস্থা মানসিক চাপ দ্যায় কিন্তু বহুবার ভয় বাস্তবথেকেও অনেক খারাপ। আপনার পীড়াসম্বন্ধে অভিজ্ঞতা নিয়ে আপনার বন্ধু, আত্মীয়দের সংগের বিবেচনা ভয় থেকে হওয়া অনাবশ্যক মানসিক চাপথেকে আপনার ছাড়া পেতে সাহায্য হবে।

অস্বীকার করা (Denial)

‘আমার কিছু হয় নেই’; ‘আমার ক্যানসার হয় নেই।’

অনেক লোক রোগের সম্বন্ধে কিছু জানতে অথবা কিছু বলতে চান না আর এই রীতিতে রোগের প্রতিযোগিতা করতে চান। আপনি যদি এই পথ নিতে চান তাহলে এ বিষয়ে আপনী আশেপাশের লোকেদের পরিষ্কার ভাবে বলে দ্যাওয়া উচিত যে অংতত আপাতত আপনি এই কথা বলতে চান না।

কখন কখন আপনী দেখবেন যে আপনার আত্মীয় স্বজন বা বন্ধূরা আপনার রোগকে স্বীকার করেন না। উনী রোগ নিয়ে আপনার দুশ্চিন্তা আর লক্ষন দিক একটূ উপেক্ষা করেন বলে মনে হয় অথবা ইচ্ছা করে বিষয় পালটে দ্যান। ওদের এই প্রতিক্রিয়া যদি আপনাকে বিপর্যস্ত করে অথবা আপনী আঘাত পেয়ে থাকেন তাহলে আপনী উনার সংগে কথা বলার চেষ্টা করবেন যে হেতু আপনার ব্যথার অনুভূতিতে আপনার আত্মীয়থেকে

অংশগ্রহন করার আর আপনাকে সমর্থন করার ইচ্ছে রাখেন। সম্ভবতঃ আপনী উনাকে বুঝিয়ে দেবেন যে আপনী আপনার রোগ নিয়ে সতর্ক আছেন আর উনারা আপনার সংগে কথা বললে আপনার সাহায্য হবে।

ক্রোধ (Anger)

'সব লোক ছাড়া আমী কেন ?' 'আর এই সময় কেন।'

রাগ আপনার ভয়, দুঃখের ভাবনাকে লুকিয়ে দিতে পারে। এ রকম অবস্থায় আপনী আপনার নিকট আত্মীয় স্বজন, ডাক্তার-যারা আপনার অবস্থাজন্য ভাবেন, আপনার চিকিৎসা করেন - ইত্যাদীদের উপরে রাগ প্রদর্শিত করতে পারেন। আপনী যদি ধর্মশীল থাকেন তাহলে আপনী ঈশ্বরের উপরেও রাগ করতে পারেন।

আপনার রোগের বিভিন্ন পরিণাম নিয়ে আপনী গভীর ভাবে বিপর্যস্ত হওয়া বুঝা যায়। আপনার এরকম ক্রোধযুক্ত মেজাজেজন্য নিজেকে দোষী মনে করার কোনও কারন নয়। আপনার আপ্তীয়স্বজন আর বন্ধুরা হয় তো অনুভব নাও করতে পারেন যে আপনার রাগ নিজের রোগের উপরে আছে আর না কি উনার উপরে। আপনী ভাল মেজাজে থাকার সময় উনাকে তথ্য বললে সাহায্যকর হতে পারে।

যদি আত্মীয় স্বজনদের সংগে কথা বলতে আপনী অসুবিধা মনে করেন তাহলে আপনী প্রশিক্ষিত পরামর্শ-দাতা অথবা মনোরোগ চিকিৎসকের সাহায্য নিতে পারেন।

দোষারোপ ও অপরাধ (Blame and guilt)

যদি আমী এই করতাম না..... তাহলে এ কখন হত না।

কখন কখন কিছু লোক ওদের পীড়াজন্য নিজেকে অথবা অন্য লোককে দোষী মনে করেন আর এই ঘটনা হওয়ার কারন খুঁজার চেষ্টা করেন। আপনার রোগ হওয়ার কারন জানলে আপনার ভাল লাগে কিন্তু ডাক্তাররাও বিশিষ্ট ব্যক্তির ক্যানসার হওয়ার কারন ঠীক ভাবে জানতে পারেন না আর এজন্য নিজেকে দোষ দ্যাওয়ার কোন প্রয়োজন নয়।

বিরক্ত হওয়া (Resentment)

'আপনার ভাল যে আপনাকে ভুগতে হচ্ছে না।'

অন্য লোক ভাল থাকা আর তখন আপনী ক্যানসারে পীড়িত থাকা নিয়ে আপনী বিরক্তি প্রকাণ করেন এই বুঝা যেতে পারে। অনেক কারনেজন্য আপনার অসুস্থী আর চিকিৎসা চলা কালীন এই রকম ভাব আপনী মাঝেমাঝে অনুভব করতে পারেন। আপনার অসুস্থী আপনার আত্মীয় স্বজনদেরও বিরক্তিকর লাগতে পারে। আপনার এই ভাবনাগুলী অধীনে না রেখে প্রদর্শিত করাই উচিত যাতে এনিয়ে বিবেচনা করা যেতে পারে। বিরক্ত হয়ে ভাবনা চাপ দিয়ে রাখলে সবাই রাগ, দোষ এরকম ভাবনা অনুভব করতে পারেন।

প্রত্যাহার ও বিচ্ছিন্নতা (Withdrawal & Isolation)

‘আমায় একা ছেড়ে দেন’

আপনার অসুখের কত এক বার আপনী একা থেকে নিজের ভাবনা ও চিন্তাধারা সম্বন্ধে বিচার করতে চান। আপনার অবস্থাতে কিছু অংশ নিয়ে আপনার সাহায্য করার ইচ্ছুক আপনার আত্মীয় স্বজন আর বন্ধুদেরজন্য এই বিচ্ছিন্নতা কঠিন হয়। আপনী যদি উনাকে বলে দ্যান যে আপনী তৈরী হয়ে গেলে উনার সংগে কথাপত্র করবেন তা’হলে উনী বুঝিয়ে নেবেন।

কখন নিরুৎসাহিতা আপনাকে কথা বলতে বাধা দিতে পারে। এ রকম স্থিতিতে আপনার ডাক্তারেসংগে দেখা করলে উনী আপনাকে ঔষধ দেবেন অথবা কোনও ভাল পরামর্শ - দাতার কাছে যাওয়ারজন্য আপনাকে পরামর্শ দিতে পারেন।

জাসক্যাপে ‘ক্যানকার আর প্রত্যাহার’ নিয়ে পুস্তিকা আছে।

প্রতিযোগিতা আর সহযোগিতা করার শিক্ষা করা

ক্যানসারের যা কোনও চিকিৎসার পর অবস্থাকে গ্রহন করে ভাবনাদের প্রতিযোগিতা করতে বেশ সময় লাগতে পারে।

কিছু মহিলাদের স্তন ক্যানসারের চিকিৎসার কিছু বিরূপ প্রতিক্রিয়া থাকতে পারে। অনেক মহিলাতে চিকিৎসাসময় প্রায় সামান্য ভাবে জীবনপ্রনালী থাকতে পারে। অবশ্যই চিকিৎসা সময় আর চিকিৎসার পর পূরো সুস্থ হওয়াজন্য আপনাকে কিছু সময় দিতে হবে। আপনী যা পছন্দ করেন আর যত করতে পারেন সেই করুন আর যত সম্ভব প্রচুর বিশ্রাম করুন।

রোগের নিজেথেকে প্রতিযোগিতা করতে কিছু অসুবিধা আর এজন্য লোকের সাহায্য চাওয়া কোন অকৃতকার্য়তার চিহ্ন নয়। নিজের ভাবনাকে গ্রহন করা ও নিজেকে দোষী মনে না করা এই গুরুত্বপূর্ণ। অন্য লোকেরা তথ্য বূঝে গেলে উনী আপনার পূরো সাহায্য করবেন।

আপনী রোগীর বন্ধু অথবা আত্মীয়স্বজন থাকলে কী করতে পারেন

কিছু পরিবারের লোক ক্যানসার সম্বন্ধে বলা অথবা উনার ভাবনা ব্যক্ত করতে অসুবিধা মনে করেন। আপনারা যে হেতূ চান না যে আপনী ক্যানসার পীড়িত রোগীকে হয়রান করেন অথবা আপনী নিজেই ভয় করছেন বলে রোগীর ভাবনা হয়ে গিয়ে সে বিরক্ত হয় তাহলে আপনার উচিত যে সবকিছু ঠীক থাকার ভান করা আর সামান্য ভাবে ব্যবহার করা। দুর্ভাগ্যবশ, এরকম জোরালো ভাবনাকে চাপ দিয়ে রাখলে কথা বলতে আরও কঠিন করে আর ক্যানসার পীড়িত ব্যক্তি বিচ্ছিন্ন মনে করে।

সহচর, আত্মীয় স্বজন আর বন্ধুবান্ধব রোগীর কথা মনোযোগ নিয়ে রোগী কী আর কত কথা বলতে চায় এ শুনে সাহায্য করতে পারেন। রোগ নিয়ে সংগে সংগে রোগীসংগে বলবেন না। বহুতাংশ সময় রোগী তৈরী থাকলে সে যা কথা বলতে চায় সে ভাল ভাবে শুনলে যথেষ্ট। ক্যানসার রোগীর আত্মীয় স্বজন আর বন্ধুদের উদ্দেশে জাসক্যাপে একটি পুস্তিকা (Lost for Words) লিখা আছে।

সন্তানদের সংগে কথাবার্তা

ক্যানসার বিষয়ে আপনার সন্তানকে কী বলা যেতে পারে এর সিদ্ধান্ত ন্যাওয়া শক্ত। এই বিষয়ে কী আর কত বলা ভাল সে তাদের বয়স, বুঝ ইত্যাদীর উপর নির্ভর করে। বেশ অল্পবয়সের ছেলে মেয়োরা তাৎকালীন ঘটনাপর্যন্ত সম্পর্ক রাখেন। আপনার অসুস্থীর ও হাসপাতালে যাওয়ার কারনের সরল ভাবে ব্যাখ্যা করলে উনারা সন্তুষ্ট হন। একটু বড বয়সের ছেলে মেয়েরা ভাল পেশী, খারাপ পেশী নিয়ে বর্ননা উনী বূঝে যান। ছেলেমেয়েরা অনেক সময় - উনী বাহিরে না দেখাতে পারলেও - ভাবেন যে আপনার অসুস্থিতে উনার কিছু অংশ আছে আর এজন্য উনী নিজেকে দোষী মনে করতে পারেন। আর এই ধারনা বেশ কিছু সময় রাখতে পারেন। এই অবস্থায় উনাকে বার বার বুঝিয়ে দ্যাওয়া উচিত যে আপনার ব্যাধীতে উনার কোনও দোষ নয়। 10 বৎসর আর বেশী বয়সের বাচ্চারা কিছু অংশে কঠিন ব্যাখ্যাও গ্রহন করেন।

কিশোরাবস্থায় ছেলেমেয়েরা কিন্তু অবস্থা গ্রহন করতে বেশ কষ্ট পান। উনী মনে করতে পারেন যে উনী স্বাধীনতা পাওয়ার আরম্ভ করাসময় আবার পরিবারে ঠেলে দিয়ে যাচ্ছেন।

সবাই বাচ্চাদের ক্ষেত্রে খোলা আর পরিষ্কার কথা বলাই সটীক পথ হয়। উনার ভয় আর উনার ব্যবহারে পরিবর্তন দিক আপনার সতর্ক থাকা উচিত। হয় তো, উনার ভাবনা প্রদর্শিত করার এই ওদের পদ্ধতি। প্রথমে উনাকে একটূ একটূ তথ্য জানিয়ে দিয়ে আস্তে আস্তে পুরো ছবি উনাকে জানানই ভাল হবে। যেহেতু বেশ ছোট বাচ্চারাও অস্বাভাবিক ঘটনা হলে অনুভূতি করেন আর এজন্য উনাকে অংধকারে রাখা উচিত নয়। ওদের ভয়ের ধারনা সত্য অবস্থাথেকে খারাপ হতে পারে।

জাসক্যাপে ছেলেমেয়েদের সংগে কথা বলার মার্গদর্শক পুস্তিকা আছে (What do I tell children)।

আপনী কী করতে পারেন ?

প্রথম বার যখন উনাকে ক্যানসার আছে বলে জানান হয় অনেকেই নিজেকে অসহায় মনে করেন। উনী ভাবেন যে ডাক্তার আর হাসপাতালের স্বাধীন হওয়া ছাড়া উনী আর কিছুই করতে পারেন না। বাস্তব কিন্তু আলাদা। এই সময়ে আপনী আর আপনার পরিবারের লোক অনেক কিছু করতে পারেন।

আপনার রোগ নিয়ে সটীক জ্ঞান

যদি আপনী আর পরিবারের লোক আপনার রোগ আর তার চিকিৎসা নিয়ে বূঝে ন্যান, অবস্থাকে সটীক ভাবে গ্রহন করে তার প্রতিযোগিতা করাজন্য আপনী ভাল ভাবে তৈরী হতে পারেন। অংততঃ আপনী জানতে পারছেন যে আপনী কী কষ্ট ভোগ করছেন। তথ্যেরে মূল্য থাকাজন্য সে বিশ্বাসযোগ্য উৎসথেকে পাওয়া দরকার যাতে অনাবশ্যক ভয়থেকে বাচানো যায়। ব্যক্তিগত চিকিৎসাবিষয়ক তথ্য আপনার নিজের ডাক্তার থেকে পাওয়া উচিত যে হেতূ উনী আপনার চিকিৎসাবিষয়ে পুর্ব অভিজ্ঞতা রাখেন। আগে উল্লেখ করামত আপনী ডাক্তারেসংগে সাক্ষাত করা সময় আপনার প্রশ্নের সুচি করিয়ে গেলে সাহায্যকর হবে যাতে আপনী সটীক জিজ্ঞাসা করতে পারেন। সংগে আপনার কোনও আত্মীয় স্বজন অথবা বন্ধূকে নিয়ে যাবেন

ব্যাবহারিক ও সকারাত্মক কাজ

কখন কখন আপনী আগে যা জিনিস সহজ মনে করতেন এ বার করতে পারছেন না। কিন্তু যেই ভাল অনুভূতি করতে আরম্ভ করেন আপনার সামনে কিছু সরল লক্ষ্য নির্ধারিত করে আস্তে আস্তে আপনার বিশ্বাস বাঢান। আপনী আস্তে করে এক এক পদক্ষেপ নিয়ে আগে যাবেন।

অনেক লোক 'রোগের সংগে লড়াই' করার কথা বলেন। কিছু লোকের পক্ষে এই সাহায্য করতে পারে। এই লডাই রোগের সংগে নিজেকে জড়িত করিয়ে করতে পারেন। এর একটি পথ হতে পারে স্বাস্থ্যকর সুষম খাদ্যপ্রনালীর করা। অন্য একটি রাস্তা হচ্ছে যে বিশ্রাম করার টেক্‌নিক্‌ শিখিয়ে নিয়ে আপনী অডিও টেপে সংগে অভ্যাস করা।

জাসক্যাপে ক্যানসার আর পুরক চিকিৎসা আর ভোজন প্রনালী নিয়ে পুস্তিকা আছে।

ক্যানসারের অভিজ্ঞতা থেকে কিছু লোক জানতে পেরেছেন যে উনার সময়ের অগ্রগন্যতা করা আর কার্যশক্তি গঠমুলক করা নিয়ে শিক্ষা হয়েছে।

কিছু নিয়মিত ব্যায়াম করা আপনারজন্য লাভকারক হয়। আপনী কী ধারনের ব্যায়াম নেবেন, সে কত উদ্যমযুক্ত থাকা উচিত এই নির্ভর করে আপনার সে ব্যাযাম কী রকম সহ্য হয় এর উপরে। ফলে আপনী বাস্তবিক ভাবে লক্ষ্য নির্ধারিত করূন আর আস্তে করে সেদিক এগোবেন।

যদি আপনী আপনার ভোজন প্রনালী পালটাতে চান না অথবা ব্যায়াম করা পছন্দ না করেন তাহলে আপনাকে এই করতেই হবে বলে কিছু নয়। আপনী যা নিজেরজন্য অনুকূল থাকে সে করূন। যত সম্ভব সামান্যভাবে থাকাই কয়েকজন পছন্দ করেন। কতকজন কাজথেকে অবকাশ নিয়ে নিজের শখে (hobby) সময় দ্যান।

রোগী মহিলাকে কে সাহায্য করতে পারে ?

এক গুরুত্বপূর্ণ কথা মনে রাখতে হয় যে আপনী আর আপনার পরিবারেব সাহায্য করাজন্য কয়েক লোক আর পতিষ্ঠান রহেছেন। বহুবার যারা আপনার রোগেসংগে সোজা জড়িত নয় ওদের সংগে কথা বলা সহজ মনে হয়। যে বিশেষ করে লোকের কথা সুনতে প্রশিক্ষিত আছে এরকম পরামর্শদাতাসংগে কথা বলতে সাহায্যকর থাকতে পারে। এরকম সময়ে কতক মহিলারা ধার্মিক আর অধ্যাত্মিক কাজে সান্ত্বনা পান। উনার পক্ষে এই কাজে জড়িত হওয়া বা ধার্মিক গুরুসংগে সংলাপ করা উচিত।

কিছু হাসপাতালে নিজের ভাবনিক আশ্রয় সেবা বিভাগ থাকে এই বিভাগে বিশিষ্ট ভাবে প্রশিক্ষিত কর্মচারীগন থাকেন। হাসপাতালের কিছু নার্সকেও পরামর্শ করার শিক্ষা দ্যাওয়া থাকে। রোগী এই সবাইদের কাছ থেকে ব্যাবহারিক সমস্যাদের পরামর্শ পেতে পারেন।

হাসপাতালে 'সামাজিক কার্যকর্তা (Social Worker) থাকেন যারা রোগীদের অনেক রকম সাহায্য করেন।

ক্যানসারের রোগীরা কতগুলী সমাজবদ্ধ সেবা আর কতএক লাভ পান। সামাজিক কার্যকর্তা আপনাকে এই সম্বন্ধে জানাতে পারেন। স্তন ক্যানসার পীড়িত মহিলার চিকিৎসাসময় সামাজিক কার্যকর্তা বাচ্চাদের দেখাগুনা করতে সাহায্য করতে পারে।

কিছু রোগী মহিলা পরামর্শ আর সমর্থন থেকে আর কিছু দরকার মনে করেন। উনী অনুভুত করেন যে উনী ক্যানসারের প্রভাবে নিরুৎসাহিত হতে পারেন আর নিজেক অসহায়, দুশ্চিন্ত মনে করেন। সব বিশেষজ্ঞরা আপনাকে ভাল সাহায্য করতে পারেন।

জীত এসোসিএশন ফর সপোর্ট টু ক্যানসার পেশন্ট্স্

'অখন্ড জ্যোতি' নং. 1, তৃতীয় তলা, রাস্তা ক্র. 8,
সাংতাক্রুজ (পূর্ব), মুম্বঈ - 400 055.
টেলিফোন : 2618 2771, 2618 1664
ফৈক্স : 91-22-2618 6162 আর 26116736
e-mail : jascap@vsnl.com
bja@vsnl.com

ক্যানসার পেশন্ট্স্ এড এসোসিএশন

কিংগ জর্জ V মেমোরিয়াল ডা.ই মোঝেস্ রোড়,
মহালক্ষী, মুম্বঈ - 400 011.
ফোন : 24975462, 24928775, 24924000
ফৈক্স : 24973599

ভী কেঅর ফাউন্ডেশন

132, মেকর টাওয়াব 'এ' কফ পরেড, মুম্বঈ - 400 005.
ফোন : 22184457 আর 2218 8828

জাক্যাফ (JACAF)

521, লোহা ভবন, পী ডিমেলো রোড, মসজিদ (পূর্ব), মুম্বঈ - 400 009.
ফোন : 2342 3845 আর 23439633
ফৈক্স : 23430776

ইন্ডিয়ন ক্যানসার সোসায়টী

ন্যাশন্যাল প্রধান কর্মকেন্দ্র, লেডী রতন টাটা মেডিকল রিসার্চ সেন্টার,
এম. কর্বে রোড. কূপরেজ, মুম্বঈ -400 021
ফোন : 2202 9941/42

জাসক্যাপ পুস্তিকার সুচি-

ক্যান্সরের অভিজ্ঞতা সম্বধ্যে

01. এ এল এল লুকেমিয়া
02. এ এ এ লুকেমিয়া
03. মুত্রাশয় (ব্লাড্র)
35. ভলভা (জ্জ্বডত্তজ্ব)
04. সস্থীর ক্যান্সার (প্রাথমিক)
05. সস্থীর ক্যান্সার (সেকংডারী)
09. সরবীকল স্তিয়র্স
10. সর্ভিক্স্
11. ক্রোনিক লিষোসায়টিক লুকেমিয়া
12. ক্রোনিক মায়লাইড লুকেমিয়া
13. কোলন ও রেক্টাম
14. হাজকিনস রোগ
15. কাপোসীজ সার্কোমা
16. কিডনী (মুত্র পিন্ড)
17. স্বর যন্ত্র (ল্যারিন্কস্)
18. লীভর (য়ক্য)
55. পিত্তালয় (গাল ব্ল্যাডর)

চিকিৎসা সম্ধী পস্তিকা

36. অস্তিমজ্জা এবং স্তম্ভ কোষ-পেশী প্রত্যারোপন
40. স্তনের পুনর্নির্মান
37. রসায়ন চিকিৎসা (কিমোথেরপী)

ক্যান্সারের সঙ্গে জীবনয়াত্রা

46. পুরক চিকিৎসে ও ক্যান্সার
47. বাড়ীতে প্রতিযোগিতা বিকসিত ক্যান্সার রোগীর সংগোপন
42. ক্যান্সার রোগীর আহার
48. বিকসিত ক্যান্সারের সঙ্গে সংঘর্ষ
49. মনে তাল লাগতে সাবম্ভ ত্রবং লক্ষনের ঔপরে নিয়ত্রন
50. ক্যান্সার পীড়িত রোগীর সঙ্গে কযাবার্তা
41. চুল ক্ষতি নিয়ে প্রতিযোগিতা করা
19. ফুসফস (লাং)
20. লিম্ফোডিমা
21. ম্যালিগ্নন্ট মায়লোমা
22. মুখ ও গলা
23. মায়লোমা
24. নন্ হাজকিন্স লিম্ফোমা
25. খাদ্যনালি (ইসোফেগস)
26. অন্ডাশয় (ওভ্যারি)
27. অগ্ন্যাশয় (প্যান্ত্রিয়াস)
28. প্রোস্টে ঢ গ্লন্থি গর্ভাশয়ের মুখ
29. ত্বচা (স্কিন) চামড়ী
30. সফ্ট টিশিউ সার্কোমা
31. পাকস্থলী (স্টম্যাক)
32. অধিরুষন (টেস্টীগ)
33. খয়রাইড
34. গর্ভাশয় (য়ুটরস)
39. চিকিৎসাজনক পরীক্ষা ট্যামোকসিফেন ফ্যাক্টশীট
38. বিকিরন চিকিৎসা (রেডিয়োথেরপী)
43. সেকুশ্তস্যালটী ও ক্যান্সার
45. বাচ্চালোগের সঙ্গে কীবার্তালাপ করব ক্যান্সার পীড়িত মাতা পিতা জন্য পথ দর্শিকা
51. এখুন কী? ক্যান্সারের পরে জীবনের সঙ্গে সমায়োজন
44. কোন বুঝতে পারে? নিজেব ক্যান্সার সম্বধে বার্তালাপ

আপনী আপনার ডাক্তার / শস্ত্রচিকিৎসককে কী জিজ্ঞাসা করতে চান ?

আপনী এই পশ্ন তালিকা ডাক্তারে কাছে যাওয়াব পূর্বে তৈরী রাখবেন যাতে আপনী ডাক্তারেসংগে সাক্ষাত করাসময় কিছু ভুলেন না। ডাক্তারের উত্তর সংক্ষেপে লিখে রাখুন।

1. .....

উত্তর .....

.....

2. .....

উত্তর .....

.....

3. .....

উত্তর .....

.....

4. .....

উত্তর .....

.....

5. .....

উত্তর .....

.....

6. .....

উত্তর .....

.....

জাসক্যাপ: আমাদের আপনার সাহায্যের প্রয়োজন আছে।

আমরা আশা করী যে আপনারা এই পুস্তিকা উপকারী মনে করেছেন।

অন্যান্য রোগীরা তথা উনার পরিবারের স্বজনদেরজন্য আমাদের ‘রোগী সুচনা সেবা কেন্দ্র’ কত রকম ভাবে বিস্তার করতে আমরা ইচ্ছাকারী কেন না এই বেশ পয়োজনীয়।

আমাদের ট্রাস্ট স্বেচ্ছাকৃত দানের উপরে নির্ভর। তাই আপনাকে অনুরোধ করা হচ্ছে যে আপনার দান (ডোনেশন) ‘জাসক্যাপে’ নামে মুম্বঈতে পরিশোধনীয় চেক অথবা ডী ডী দ্বারা পাঠিয়ে বাধিত করবেন।

‘‘জাসক্যাপ’’

জীত এসোসিএশন ফর সপোর্ট টু ক্যানসার পেশন্ট্স
অখন্ড জ্যোতী ক্র. 1, তৃতীয় তলা,
রাস্তা ক্র.8, সান্তাক্রুজ (পূর্ব),
মুম্বঈ - 400 055.
ভারত.

ফোন : 91-22-26182771, 26181664
ফৈক্স : 91-22-26186162 / 26116736
ই-মেল : jascap@vsnl.com
bja@vsnl.com

আমদাবাদ : শ্রী ডী. কে. গোস্বামী,
এ-9, সরিতা অপার্টমেন্ট,
হাইকোর্ট জজদের বাংলোর কাছে,
বোডক দেব, আমদাবাদ-380 054.
ফোন : 91-79-8014287
ই-মেল : dkgoswamy@sify.com

ব্যাংগালোর : শ্রীমতী সুপ্রিয়া গোপী,
ক্ষিতিজ; 455, ক্রাস ক্র. 1,
এচ্. এ. এল., স্টেজ ক্র. 3,
ব্যাংগালোর-560 075.
ফোন : 91-80-2528 0309
ই-মেল : gopikvis@bgl.vsnl.net.in

হৈদরাবাদ : শ্রীমতী সুচিতা দিনকর,
ডা. এম্. দিনকর,
জী-8, ‘স্টর্লিং এলিগান্ঝা’
স্ট্রীট ক্র. 5, নেহরুনগর,
সিকন্দরাবাদ-500 026.
ফোন : 91-40-27807295
ই-মেল : jitika@satyam.net.in